




হালুম, টুকটুকি, ইকরি ও শিকু বিশাল বেলুনে উড়ে চলেছে।
বেলুন চালায় বাহাদুর। সবাই মিলে গান গাইছে:

আমরা চলি উড়ে উড়ে
দেখবো জগৎ ঘুরে ঘুরে
দূরের পথে বাঁকে বাঁকে
কোন প্রাণীটা কোথায় থাকে।



হালুম বলে, অপূর্ব! আকাশে এত কিছু থাকে!
টুকটুকি বলে, আকাশটা কত নীল!





ইকরি ও শিকু গান ধরে:



আকাশ ভরা রঙিন ঘুড়ি
নানান পাখির ওড়াউড়ি
রঙের বাহার মেখে মেখে
যায় যে ভেসে বাতাস লেগে।

